সমকাল
তারিখঃ ০৫-০৯-২০২২ ( পৃঃ ০২)

মন্ত্রিসভার বৈঠক

# খাদ্যশস্যের মজুত নিশ্চিত করতে নির্দেশ প্রধানমন্ত্রীর

■ সমকাল প্রতিবেদক

দেশে খাদ্যশস্যের মজুত নিশ্চিত করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, চাল আমদানির ক্ষেত্রে উদ্যোগে যাতে কোনো ঘাটতি না থাকে। রোববার মন্ত্রিসভার বৈঠকে খাদ্য পরিস্থিতি নিয়ে আলোচনার সময় তিনি এ নির্দেশ দেন। এতে বলা হয়, এবার আমন ধানের উৎপাদন আশানুরূপ হবে না। এ কারণে আগামী বছর খাদ্য নিরাপত্তায় চাপ পড়তে পারে। চাপ সামলাতে বিদেশের একাধিক উৎস থেকে চাল ও গম আমদানির উদ্যোগ নিয়েছে সরকার।

প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার এ বৈঠক অনুষ্ঠিত হয়। এর পর মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম সচিবালয়ে সংবাদ সম্মেলনে বৈঠকের সিদ্ধান্তগুলো জানান। তিনি বলেন, বর্তমানে দেশে চাল ও গমের পর্যাপ্ত মজুত আছে। তার পরও রাশিয়া, ভারত, মিয়ানমার, থাইল্যান্ড ও ভিয়েতনাম থেকে চাল-গম কেনা হচ্ছে। এ পাঁচটি দেশের কোনোটি খাদ্য দিতে অপারগ হলে যাতে বিপদে পড়তে না হয়, সে জন্য বিকল্প আরও দেশ থেকে খাদ্য আমদানির প্রস্তুতি রাখতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী।

আনোয়ারুল ইসলাম জানিয়েছেন, বর্তমানে সরকারিভাবে দেশে ১৯ লাখ ৫০ হাজার টনের মতো চাল ও গম মজুত আছে। সম্প্রতি খোলাবাজারে বিক্রি (ওএমএস) ও খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনার কারণে অনেক মানুষ বাজার থেকে চাল কম কিনছেন। গত দু-এক দিনে চালের দামও কিছুটা কমেছে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, ওএমএস এবং খাদ্যবান্ধব কর্মসূচির জন্য গুদাম থেকে যে পরিমাণ খাদ্যশস্য যাবে, সে পরিমাণ সংগ্রহ করতে চুক্তি হয়েছে এবং কার্যাদেশ দেওয়া হয়েছে। ফলে নভেম্বর থেকে বিশ্বব্যাপী খাদ্য সংকটের আশঙ্কা থাকলেও বাংলাদেশ ভালো অবস্থায় থাকবে। এরই মধ্যে আমন ধান ঘরে উঠবে।

মন্ত্রিসভার বৈঠকে 'বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট' আইনের খসড়া অনুমোদন হয়েছে। বাংলাদেশ ও কাতারের মধ্যে স্বাক্ষরের জন্য একটি সহযোগিতা চুক্তির খসড়ায় সায় মিলেছে। এ ছাড়া 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা'র নাম পরিবর্তন করে 'জাতীয় মানবকল্যাণ পদক নীতিমালা' করার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। কাতারের সঙ্গে আইনি সহযোগিতা বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, কাতারের সঙ্গে আইন মন্ত্রণালয়ের একটা চুক্তি হবে। চুক্তি হলে দু'দেশের মধ্যে যে আইনি ক্ষেত্রগুলো আছে, এতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি পাবে। বাংলাদেশ কাতারের আইনি ও প্রশাসনিক কাঠামো সম্পর্কে জানতে পারবে। কাতারও বাংলাদেশ সম্পর্কে জানতে পারবে। এ ছাড়াও আন্তর্জাতিক সিভিল এভিয়েশনের প্রটোকল সম্পর্কিত একটি সংশোধন অনুসমর্থনের প্রস্তাবে মন্ত্রিসভা অনুমোদন দিয়েছে।

বৈঠক সূত্র জানিয়েছে, খাদ্যশস্য নিয়ে সাধারণ মানুষের কাছে যাতে পরিষ্কার ধারণা থাকে, সে ব্যাপারে গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী। খাদ্য মন্ত্রণালয়কে খাদ্য মজুত এবং অন্যান্য বিষয় দেশবাসীকে সময়ে সময়ে জানাতে নির্দেশ দেওয়া হয়েছে। এ নিয়ে আজ সোমবার খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার সংবাদ সম্মেলন করবেন বলে মন্ত্রণালয় সূত্র জানিয়েছে।

**উন্নয়নের ধারা অব্যাহত রাখতে কাজ চলছে:** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার দেশে উন্নয়নের অদম্য গতিকে অব্যাহত রাখতে চায়। সেজন্য কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে একটি সমন্বিত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে।

পিরোজপুরের বেকুটিয়ায় কঁচা নদীর ওপর ১ হাজার ৪৯৩ মিটার দীর্ঘ 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু' উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। খবর বাসসের।

প্রধানমন্ত্রী তাঁর কার্যালয়ের চামেলী হল থেকে ভার্চুয়ালি অনুষ্ঠানে যুক্ত হন। তিনি বলেন, পিরোজপুরের বেকুটিয়ায় কঁচা নদীর ওপর সেতু উদ্বোধনের ফলে ঢাকার সঙ্গে পিরোজপুরের সরাসরি যোগাযোগ স্থাপিত হয়েছে। মানুষ পিরোজপুরের তাজা পেয়ারা এবং আমড়া রাজধানীতে বসেই পাবে।

২০১৮ সালের ১ নভেম্বর সেতুটির নির্মাণকাজ শুরু হয়। সড়ক ও জনপথ বিভাগ ৮৯৪.০৮ কোটি টাকা ব্যয়ে এটি নির্মাণ করে। কুয়াকাটা সমুদ্রসৈকত, পায়রা গভীর সমুদ্রবন্দর, মোংলা সমুদ্রবন্দর এবং দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোলের মধ্যে সরাসরি সড়ক যোগাযোগ স্থাপনে সহায়তা করবে এই সেতু।

অনুষ্ঠানে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং বাংলাদেশে চীনের রাষ্ট্রদূত লি জিমিং বক্তব্য দেন। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এবিএম আমিন উল্লাহ নূরী অনুষ্ঠানে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন। প্রকল্পের ওপর ভিডিওচিত্রও অনুষ্ঠানে দেখানো হয়। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

Sangbad Online
প্রকাশনার ৬০ বছর
সংবাদ

তারিখঃ ০৫-০৯-২০২২ (পৃঃ ০২)

# ২৮ চাল ছেঁটে বাড়তি দামে মিনিকেট বিক্রি!




*মিনিকেট-নাজিরশাইল নামে দেশে কোন চাল নেই– খাদ্যমন্ত্রীর এমন ঘোষণারই পরও দেশে অবাধে বিক্রি হচ্ছে এসব চাল —সংবাদ*

**জেলা বার্তা পরিবেশক, কিশোরগঞ্জ**

বাজারে এখন সব ধরনের চালের দামই আকাশচুম্বি। কেবল চাল নয়, সব নিত্যপণ্যের দামই চড়া। তবে চালের বাজারে সবসময়ই অস্থিরতা অনেক বেশি পরিলক্ষিত হয়। এর মধ্যে পুরান চালের নতুন নাম দিয়ে এক ধরনের প্রকাশ্য প্রতারণাও চলছে বহুদিন ধরে। বাজারে ‘মিনিকেট’ নামে একটি সরু চাল পাওয়া যায়। এর দাম বহুল ব্যবহৃত অন্যান্য সরু চালের চেয়েও বেশ খানিকটা বেশি। যারা উচ্চবিত্ত, যাদের কাঁচা টাকা আছে, তারাই সাধারণত বাজারে গিয়ে মিনিকেট চালের খোঁজ করেন। তারাই মূলত এই মিনিকেট চালের ভাত খান। তবে এর পেছনে বড় ধরনের প্রতারণা রয়েছে। একটি ভিন্ন নামের সরু চালকে মেশিনে আরও সরু করে এর নাম দেয়া হয়েছে ‘মিনিকেট’। এর নামের সঙ্গে কৃষি বিভাগের কোন সম্পর্ক নেই। নামটি দিয়েছেন চালকল মালিকরা। অনেক দিন ধরেই এ নিয়ে লেখালেখিও হচ্ছে। তারপরও মিনিকেট নিয়ে মাতামাতির কমতি নেই।

গাজীপুরের বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা গবেষণা করে ‘ব্রিধান-২৮’ নামে একটি উচ্চ ফলনশীল সরু ধান উদ্ভাবন করেছেন। আর এই ধানের চালটিকেই চালকল মালিকরা মেশিনে ফেলে আরও সরু করে বাজারে ছেড়ে দিচ্ছেন ‘মিনিকেট’ নাম দিয়ে। আর চালের দামও রাখছেন ব্রিধান-২৮ চালের চেয়ে বেশি। অথচ এই একই ব্রিধান-২৮ চালের ভাত খাচ্ছেন মধ্যবিত্ত শ্রেণী, আর এরই আরও সরু প্রকরণের চালের ভাত খাচ্ছে উচ্চবিত্ত শ্রেণী। দুই শ্রেণীই ব্রিধান-২৮ চালের ভোক্তা।

কিশোরগঞ্জ শহরের পুরানথানা বাজারের বিভিন্ন চালের দোকানে খোঁজ নিয়ে জানা গেছে, বর্তমানে ব্রিধান-২৮ চাল বিক্রি হচ্ছে প্রকারভেদে ৫৮ থেকে ৬১ টাকা কেজি। আর এই ৫৮ টাকা কেজির ব্রিধান-২৮ চালকে একটু সরু করে মিনিকেট নামে বিক্রি করা হচ্ছে ৭৫ টাকা কেজি। চাল ব্যবসায়ীরা জানান, ব্রিধান-২৮ চালকে মিনিকেট বানাতে গিয়ে চালকল মালিকরা দুইভাবে মুনাফা লুটছেন। প্রথমত মিনিকেট বানিয়েই চালটির দাম বাড়িয়ে দিচ্ছেন। আবার ব্রিধান-২৮ চালটি ছেঁটে সরু করতে গিয়ে বিপুল পরিমাণ ভুসির মত যে বাড়তি অংশটি পাচ্ছেন, সেটি গবাদি পশু আর পোল্ট্রি শিল্পে খাদ্য হিসেবে বিক্রি করে আরেকটি বাড়তি ব্যবসা করছেন।

কিশোরগঞ্জ জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. আব্দুস সাত্তারকে এ ব্যাপারে প্রশ্ন করলে বলেন, মিনিকেট নামে আসলে ধানের কোন জাতই নেই। সরু জাতের ব্রিধান-২৮ চালটিকেই মেশিনে আরও সরু করে মিনিকেট নাম দিয়ে বেশি দামে বিক্রি করা হচ্ছে। এর ছাঁটাই হওয়া অংশ পোল্ট্রি খামার এবং গবাদি পশুর খামারে খাবার হিসেবে বিক্রি করে বাড়তি একটি ব্যবসা হয় বলে তিনিও স্বীকার করেছেন।